

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৩০১  
করবুক, ২৭ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪  
করবুক মহকুমায় ভোটকর্মীদের মহড়া

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের অন্তর্গত করবুক মহকুমার ৪৩-করবুক (এসটি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রে নির্বাচনের কাজে প্রিসাইডিং অফিসার এবং প্রথম পোলিং অফিসার হিসেবে নিযুক্ত ভোটকর্মীদের নিয়ে আজ প্রথম পর্যায়ের নির্বাচনী মহড়া অনুষ্ঠিত হয়। করবুক মাল্টিপারপাস হল এবং করবুক মহকুমা শাসকের কনফারেন্স হলে আয়োজিত নির্বাচনী মহড়ায় উপস্থিত ছিলেন সহকারি রিটার্নিং অফিসার তথা করবুক মহকুমার মহকুমা শাসক পার্থ দাস, ডিসিএম ভিক্টর দেববর্মা। আজকের নির্বাচনী মহড়ায় ৪২ জন প্রিসাইডিং অফিসার ও ৯৭ জন প্রথম পোলিং অফিসার হিসেবে নিযুক্ত ভোটকর্মী অংশগ্রহণ করেন। এই নির্বাচনী মহড়ায় প্রশিক্ষণ দেন ডিস্ট্রিক্ট লেভেল মাস্টার ট্রেনার দুঅং মগ, অজয় সাহা, পার্থ দেববর্মা ও সুমল কল্যাণ ভৌমিক।

\*\*\*\*\*